

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫ কলেজ রোড, ঢাকা-১০০০

স্মারক নং-১০.০৩.০০০০.০০৩.৩১.০০২.২১-২২

তারিখ : ০২/০৯/২০২১ খ্রিঃ

চতুর্দশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (১৪শ বিজেএস) পরীক্ষা, ২০২১

প্রিলিমিনারী পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৪শ বিজেএস পরীক্ষা, ২০২১-এর প্রিলিমিনারী পরীক্ষা আগামী ২৫/০৯/২০২১ খ্রিঃ শনিবার ঢাকাস্থ নিম্ন বর্ণিত ৩টি কেন্দ্রে অপরাহ্ন ৩:০০ ঘটিকা থেকে ৪:০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে :

পরীক্ষার্থীদের রোল নম্বর ভিত্তিক কেন্দ্র বিন্যাস :

রোল নম্বর	সংখ্যা	কেন্দ্রের নাম
১০০০১ থেকে ১৩৬০০ পর্যন্ত	৩৬০০ জন	উইল্‌স লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, ৮৫, কাকরাইল, ঢাকা
১৩৬০১ থেকে ১৫৮০০ পর্যন্ত	২২০০ জন	সিদ্ধেশ্বরী কলেজ, ২৫ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭
১৫৮০১ থেকে ১৯১২১ পর্যন্ত	৩৩২১ জন	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড ও কমিশনের ওয়েবসাইটে আগামী ২৩/০৯/২০২১ খ্রিঃ তারিখে প্রদর্শন করা হবে। পরীক্ষার্থীগণ উক্ত সময় নিজেদের আসন বিন্যাস জেনে নিতে পারবেন।

২। পরীক্ষার্থীগণের করণীয় :

তারিখ ও দিন	সময় (অপরাহ্ন)	পরীক্ষার্থীগণের করণীয়
২৫/০৯/২০২১ শনিবার	২:০০	পরীক্ষার্থীগণ কর্তৃক কেন্দ্রের সংশ্লিষ্ট পরীক্ষা কক্ষে প্রবেশ।
	২:৪০	পরীক্ষার্থীগণকে এমসিকিউ (MCQ) উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিয়মাবলি অনুযায়ী উত্তরপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ করবেন।
	৩:০০	পরীক্ষার্থীগণকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ উত্তরপত্রে প্রশ্নপত্রের সেট নম্বর লিখবেন এবং সংশ্লিষ্ট বৃত্ত ভরাটপূর্বক উত্তর প্রদান শুরু করবেন। সেট নম্বর না লিখলে ও সঠিকভাবে বৃত্ত ভরাট না করলে উত্তরপত্র বাতিল হবে।
	৩:১০	প্রত্যেক পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। তারা স্ব-স্ব টেবিলের উপর প্রবেশপত্র খুলে রাখবেন। এ সময় প্রবেশপত্রের ছবির সঙ্গে পরীক্ষার্থীগণের হাজিরা তালিকার ছবি মিলিয়ে দেখা হবে।
	৩:৫০	পরীক্ষা সমাপ্ত হওয়ার সতর্কীকরণ ঘণ্টা বাজবে।
	৪:০০	সমাপনী ঘণ্টা বাজার সাথে সাথে পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ স্ব-স্ব আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেওয়ার পর পরীক্ষার্থীগণ নিজ নিজ আসন ও কক্ষ ত্যাগ করবেন।

৩। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

- প্রিলিমিনারী পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। কালো কালির বলপেন দ্বারা OMR Sheet এর বৃত্ত ভরাট করতে হবে।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়া ও যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- অপরাহ্ন ৩:০০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীই পরীক্ষা হল/কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- সকল পরীক্ষার্থীকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষা হলে আসার জন্য বলা হলো। বিশেষতঃ সকলকে বাধ্যতামূলক মাস্ক পরিধান করে আসতে হবে।
- কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
- সকল পরীক্ষার্থীকে নিজস্ব সুরক্ষার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত নীতিমালা অনুযায়ী কোভিড-১৯ এর টিকা গ্রহণের পরামর্শ দেওয়া হলো।

স্বাক্ষরিত
(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক
(জেলা ও দায়রা জজ)